

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা।

নং- ১৩৬ /২০২০-এস,সি (এডি)

তারিখ :- ৭ /০৬/২০২০খ্রিঃ

দরপত্র বিজ্ঞপ্তি


আপীল বিভাগে ব্যবহারের জন্য ১টি ল্যাপটপ কম্পিউটার ক্রয়ের নিমিত্ত প্রকৃত কম্পিউটার সংশ্লিষ্ট ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে সীমিত দরপত্র পদ্ধতিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে :-

মালামালের বিবরণ

SL. No.	Name of Items	Quantity
01.	<b>Laptop Computer</b> Intel Core i7 (1.80-4.90 GHz), 8MB, 8GB, 14/15 inch. Graphics-2GB, W/N 10 Pro original. <b>Warranty: 2 Years with charger, bag etc on default.</b>	01 Nos

শর্তাবলী

- আগামী ১৬/০৬/২০২০খ্রিঃ তারিখ বেলা ১১-৩০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১২-০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।
- দরপত্রে সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করতে হবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর রশিদ এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ দরপত্র দাখিল করতে হবে।
- চাহিদাকৃত মালামাল নিজ খরচে আপীল বিভাগের কম্পিউটার শাখায় পৌঁছিয়ে দিতে হবে এবং সরবরাহকৃত মালামাল অবশ্যই আনকোরা নতুন হতে হবে।
- সরবরাহকৃত মালামালসমূহের সম্পূর্ণ ওয়ারেন্টি/গ্যারান্টি প্রদান করতে হবে এবং ওয়ারেন্টিকালে সরবরাহকৃত মালামালের কোন প্রকার সমস্যা দেখা দিলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিতকরণের ৩(তিন) ঘন্টার মধ্যে অত্র কোর্টে এসে সমাধান করে দিতে হবে।
- দরপত্রের সাথে মোট উদ্ধৃত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নয়। ওয়ারেন্টি/গ্যারান্টি সময়সীমা পর্যন্ত দরপত্রে উল্লেখিত মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেওয়া হবে না।
- কার্যাদেশ প্রাপ্তির ৩(তিন) দিনের মধ্যে দরপত্রে উল্লেখিত মালামাল সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতে হবে এবং চালানসহ ৩(তিন) কপি বিল দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা সকল দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে  
  
(মোহাম্মদ মেহেদী হাসান)  
ডেপুটি রেজিস্ট্রার

প্রচারের জন্যঃ

- নোটিশ বোর্ড, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, অ্যাটর্নীর অফিস, ঢাকা।
- নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
- নোটিশ বোর্ড, জুডিসিয়াল সার্ভিস কমিশন অফিস, ঢাকা।
- বাংলাদেশ সুপ্রিম কোর্ট ওয়েব সাইট।